# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 16-03-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবর -**

১) বিধানসভা নির্বাচনে রাজ্যে ২৩ এবং ২৯-শে এপ্রিল দু-দফায় ভোট গ্রহণ করা হবে। গণনা চৌঠা মে।

২) রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী এবং স্বরাষ্ট্রসচিব জগদীশ প্রসাদ মিনাকে তাদের পদ থেকে সরিয়ে দিয়েছে কমিশন।

৩) আদর্শ আচরণবিধি চলাকালীন প্রশাসনিক সিদ্ধান্তের বিষয়গুলি দেখবে মুখ্য সচিবের নেতৃত্বে একটি স্ক্রিনিং কমিটি।

৪) দু-দফায় বিধানসভা নির্বাচনকে স্বাগত জানিয়েছে বিজেপি। সুষ্ঠু ও অবাধ ভোটগ্রহণের দাবি সিপিআইএম-এর।

৫) সারা দেশে রান্নার গ্যাস বিতরণকারীদের কাছে সরবরাহে কোন ঘাটতি নেই বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে।

৬) নিম্নচাপ অক্ষরেখা ও বাতাসে জলীয় বাষ্প বৃদ্ধির প্রেক্ষিতে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় গতকালের পর আজও বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ চার রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে বিধানসভা ভোটের নির্ঘন্ট প্রকাশ করেছে নির্বাচন কমিশন। রাজ্যে ২৯৪-টি বিধানসভা আসনে ২ দফায় ২৩ এবং ২৯-শে এপ্রিল ভোট নেওয়া হবে। প্রথম দফায় ১৫২টি আসনে এবং দ্বিতীয় দফায় ১৪২-টি আসনে ভোট হবে। নতুন দিল্লির বিজ্ঞান ভবনে দুই নির্বাচন কমিশনার ডক্টর এস এস সান্ধু এবং ডক্টর বিবেক যোশীর উপস্থিতিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানান, পাঁচ রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলেই ভোট গণনা চৌঠা মে।

(বাইট - জ্ঞানেশ কুমার)

প্রথম দফায় দার্জিলিং , কালিম্পঙ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার , কোচবিহার , উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ , বীরভূম , পশ্চিম বর্ধমান, পুরুলিয়া , বাঁকুড়া , ঝাড়গ্রাম, পশ্চিম ও পূর্ব মেদিনীপুর জেলায় ভোটগ্রহণ।

দ্বিতীয় দফায় ভোট নেওয়া হবে নদীয়া , পূর্ব বর্ধমান , হুগলি , হাওড়া, উত্তর ও দক্ষিন ২৪ পরগনা এবং কলকাতায়।

সকল বৈধ ভোটারের ভোটাধিকার সুনিশ্চিত করাই এস আই আর-এর মূল উদ্দেশ্য বলে এদিন মুখ্য নির্বাচন কমিশনার ফের জানান। তিনি বলেন, বিচারাধীন ভোটারদের তথ্য জুডিশিয়াল অফিসাররা খতিয়ে দেখার পর সেগুলি চূড়ান্ত তালিকার সঙ্গে যুক্ত করা হবে।

(বাইট – জ্ঞানেশ কুমার- এস আই আর)

তিনি বলেন, প্রত্যেকটি ভোট কেন্দ্রে পানীয় জল, শৌচাগারের মতো ন্যূনতম সুবিধা সুনিশ্চিত করার ব্যাপারে নির্দেশিকা জারি হয়েছে। ভোটগ্রহণ প্রক্রিয়াকে আরও স্বচ্ছ করে তুলতে নির্বাচন কমিশন ৩০-টি নতুন উদ্যোগ গ্রহণ করেছে। একটি ভোট কেন্দ্রে সর্বাধিক ১২-শো ভোটার থাকবেন। ২৪ ঘণ্টা নজরদারির জন্য প্রত্যেক বুথেই থাকবে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা।

ভুয়ো তথ্য ও ডিপ ফেক ভিডিও কোনভাবেই যাতে না ছড়ায় সেবিষয়ে নোডাল অফিসাররা নজর রাখবেন বলে জ্ঞানেশ কুমার জানান।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হওয়ার পর মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী এবং স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনাকে পদ থেকে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। ভোট পর্ব

শেষ না হওয়া পর্যন্ত এই দু-জনকে নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে জড়িত কোন পদে বসানো যাবে না বলে এক নির্দেশে কমিশন জানিয়েছে। ১৯৯৩-এর ব্যাচ-এর আই এ এস দুষ্মন্ত নারিয়ালকে মুখ্য সচিব পদে নিয়োগ করা হয়েছে।

অন্যদিকে, স্বরাষ্ট্র সচিব পদে আনা হয়েছে, ১৯৯৭-এর ব্যাচের আই এ এস সংঘমিত্রা ঘোষকে। আজ দুপুর তিনটের মধ্যে তাদের সংশ্লিষ্ট পদগুলিতে যোগ দিতে বলা হয়েছে।

oooooooooooooooooooooooo

এদিকে আদর্শ আচরণবিধি চলাকালীন প্রশাসনিক সিদ্ধান্তের বিষয়গুলি বাড়াতে একটি স্ক্রিনিং কমিটি গঠনের নির্দেশ দিয়েছে কমিশন। এই কমিটির নেতৃত্বে থাকবেন রাজ্যের মুখ্যসচিব। সদস্য হিসেবে থাকবেন সংশ্লিষ্ট দফতরের সচিব বা প্রধান সচিব এবং সমন্বয় দফতরের সচিব বা প্রধান সচিব। কোনও দফতর সরাসরি কমিশনের কাছে ফাইল পাঠাতে পারবে না। কোন প্রস্তাব আদর্শ আচরনবিধি অনুযায়ী পাঠানো হয়েছে কিনা সেটা প্রথমে ওই কমিটি খতিয়ে দেখবে তারপর তা নির্বাচন কমিশনের দপ্তরে অনুমোদনের জন্য পাঠাবে। ২২শে মার্চের মধ্যে এই কমিটি গঠন করে কমিশনকে জানাতে হবে।

নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণা হতেই সরকারি জায়গা থেকে রাজনৈতিক প্রচারের সমস্ত চিহ্ন দ্রুত সরানোর নির্দেশ দিল নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, সরকারি অফিস থেকে নির্বাচন সংক্রান্ত দেওয়াল লিখন, পোস্টার, ব্যানার, হোর্ডিং ও পতাকা ২৪ ঘণ্টার মধ্যে সরিয়ে ফেলতে হবে। পাবলিক স্পেসের ক্ষেত্রেও নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। রেল স্টেশন, বাস স্ট্যান্ড, বিমানবন্দর, সেতু, সরকারি বাস এবং বিদ্যুৎ বা টেলিফোনের খুঁটির মতো জায়গা থেকে সব ধরনের রাজনৈতিক বিজ্ঞাপন ৪৮ ঘণ্টার মধ্যে সরিয়ে ফেলতে নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে কালো টাকা ও অবৈধ লেনদেন রুখতে কড়া নজরদারির নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। ভোটারদের প্রভাবিত করার জন্য কালো টাকার ব্যবহার বন্ধে

আয়কর বিভাগের তদন্ত শাখাগুলিকে সক্রিয় থাকার জন্য বলা হয়েছে। নির্বাচনমুখী রাজ্যগুলির সব বিমানবন্দরে **এয়ার ইন্টেলিজেন্স ইউনিট** স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। ১০ লক্ষ টাকার বেশি নগদ অর্থ বা ১০ লক্ষ টাকার বেশি মূল্যের সোনা বহনকারী যাত্রীদের উপর বিশেষ নজর রাখা হবে। ব্যাঙ্কগুলিকেও সন্দেহজনক এবং বড় অঙ্কের নগদ লেনদেনের তথ্য সংগ্রহ করতে নির্দেশ দিয়েছে কমিশন। সমুদ্রপথে অবৈধ মদ, অস্ত্র বা নগদ অর্থ পাচার রুখতে ভারতীয় কোস্ট গার্ডকে কড়া নজরদারি চালাতে বলা হয়েছে। বাজেয়াপ্ত হওয়া নগদ অর্থ, মদ, মাদক বা উপহার সামগ্রীর তথ্য রিয়েল-টাইমে 'ইলেকশন সিজার ম্যানেজমেন্ট সিস্টেম' পোর্টালে আপলোড করতে হবে।

নির্বাচনী প্রচারেও একাধিক বিধিনিষেধ জারি করা হয়েছে। রাত ১০টা থেকে সকাল ৬টা পর্যন্ত প্রচারে লাউডস্পিকার বা সাউন্ড অ্যাম্প্লিফায়ার ব্যবহার করা যাবে না। ভোটগ্রহণের শেষ ৪৮ ঘণ্টায় সংশ্লিষ্ট এলাকায় কোনও ধরনের লাউডস্পিকার ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। পরিবেশ রক্ষার স্বার্থে প্রচারের পোস্টার বা ব্যানার তৈরিতে প্লাস্টিক বা পলিথিন ব্যবহার থেকেও বিরত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে স্থানীয় জনপ্রতিনিধিদের এলাকা উন্নয়ন তহবিল ব্যবহারে কড়া নির্দেশ জারি করেছে নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত সাংসদ বা বিধায়কদের এলাকা উন্নয়ন তহবিলে নতুন করে কোনও অর্থ বরাদ্দ করা যাবে না। কমিশনের নির্দেশে বলা হয়েছে, এই নির্দেশিকা জারির আগে কোনও কাজের অর্ডার দেওয়া হলেও যদি বাস্তবে তা এখনও শুরু না হয়ে থাকে, তবে নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন সেই কাজ শুরু করা যাবে না। যে সব কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে, সেগুলি চলবে।

প্রশাসনিক স্তরেও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। নির্বাচনের সঙ্গে যুক্ত আধিকারিকদের বদলি করা যাবে না। যদি কোনও আধিকারিকের বদলির নির্দেশ নির্বাচন ঘোষণার আগে দেওয়া হয়ে থাকে কিন্তু তিনি এখনও নতুন পদে যোগ না দিয়ে থাকেন, তবে কমিশনের অনুমতি ছাড়া সেই নির্দেশ কার্যকর করা যাবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, রাজ্যের দুই দফায় বিধানসভা ভোটের নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, অন্য রাজ্যের এক দফা নির্বাচন হলেও হিংসার পুরনো ইতিহাসের কথা মাথায় রেখেই এরাজ্যে দু দফায় তা হচ্ছে।

(বাইট-শমীক)

বাকি জায়গায় এক দফায় নির্বাচন হলেও এরাজ্যে কেন তা দুদফায় হচ্ছে সেই প্রশ্ন তুলেছেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। সাংবাদিকদের তিনি বলেন, এর পেছনে বিশেষ কোনো অভিসন্ধি রয়েছে।

সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সুষ্ঠু ও অবাধ ভোটগ্রহণের দাবি জানিয়েছেন।

(বাইট-সেলিম)

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন ঘোষণা হতেই আন্তঃরাজ্য সীমান্তে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। অসম থেকে পশ্চিমবঙ্গে আসার সমস্ত গাড়িতে চলছে চেকিং। এছাড়াও কেন্দ্রীয় বাহিনীর পক্ষ থেকে গতকাল সকাল থেকেই বিভিন্ন এলাকায় রোড মার্চ হয়েছে। বিভিন্ন বুথগুলি পরিদর্শন করছেন জওয়ানরা

বাঁকুড়া জেলায় প্রথম দফায় আগামী ২৩শে এপ্রিল নির্বাচন। সুষ্ঠ ও অবাধ নির্বাচনের লক্ষ্যে ১৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

হুগলী জেলায় সুষ্ঠু ও অবাধ ভোট করানোর লক্ষ্যে ফ্লাইং স্কোয়াড এবং নাকা চেকিংয়ের ওপর বিশেষ জোর দেওয়া হচ্ছে বএল জানিয়েছেন জেলাশাসক খুরশিদ আলি কাদেরি।

নদীয়া জেলায় ২৭৩টি বুথ কে ক্রিটিকাল বা সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সম্পন্ন করতে জেলায় এ পর্যন্ত ১৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসে পৌঁছেছে।

কলকাতার বিভিন্ন বিধানসভা কেন্দ্রেও চলছে কেন্দ্রীয় বাহিনীর টহলদারি।

০০০০০০০০০০০০০০০০০০০

পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে যে সারাদেশে রান্নার গ্যাস বিতরণকারীদেরকাছে সরবরাহে কোন ঘাটতি নেই। মন্ত্রকের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে যে গ্যাস বুকিং খানিক টা কমেছে। শনিবার ৭৭ লক্ষ বুকিং রেকর্ড করা হয়েছে, তার আগের দিন এই সংখ্যা ছিল প্রায় ৮৮ লক্ষ।

মন্ত্রক জানিয়েছে রাজ্য সরকার গুলিকে অগ্রাধিকারের ভিত্তিতে বন্টনের জন্য বাণিজ্যিক সিলিন্ডার প্রস্তুত রাখা হয়েছে এবং বর্তমানে ৩০ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এগুলি বন্টন করা হবে।

বিহার দিল্লি হরিয়ানা এবং রাজস্থানের মত বেশ কিছু রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সরকারি নির্দেশিকা মেনে গৃহস্থালি ছাড়া অন্য ক্ষেত্রের জন্য এলপিজি বন্টনের নির্দেশ জারি করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বামপার ফলনের প্রেক্ষিতে সংকটের মুখে পড়েছেন আলু চাষিরা। বিভিন্ন জেলায় আলু ক্রয় কেন্দ্রগুলির সামনে কৃষকদের লম্বা লাইন চোখে পড়েছে। অনেক জায়গায় আলু কেনার জন্য টোকেন দেওয়া হয়েছে বলে খবর। কিন্তু কবে সেই আলু সংগ্রহ করা হবে, তা নিয়ে অনিশ্চিত কৃষকরা। পূর্ব বর্ধমানের গলসির রামনগরে ঋণ নিয়ে আলু চাষ করে শোধ করতে না পারার আতঙ্কে বুলবুল মন্ডল নামে এক কৃষক সম্প্রতি আত্মঘাতী হয়েছেন। আত্মহত্যার খবর মিলেছে পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণা থেকে।

পূর্ব বর্ধমানের এক আলু চাষি জানালেন তাঁর দুরবস্থার কথা।

(বাইট – আলু চাষি)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অন্য রাজ্যে আলু পাঠাতে কোন নিষেধাজ্ঞা নেই বলে রাজ্যের মন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন। গতকাল রাত্রে এক ভিডিও বার্তায় তিনি একথা বলেন। তবে, রাজ্যের চাহিদা ও সরবরাহের দিকেও নজর দেওয়ার অনুরোধ জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooo

নিম্নচাপ অক্ষরেখা এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় গতকাল দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টি হয়েছে। বীরভূম, পূর্ব বর্ধমান, হুগলি ,বাঁকুড়া এবং পুরুলিয়ায় বেশ কিছু জায়গায় ঝোড়ো হাওয়ার সঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়।

বাঁকুড়া ও পুরুলিয়ার কোথাও কোথাও হাল্কা শিলাবৃষ্টিরও খবর পাওয়া গেছে। বাঁকুড়ার বিষ্ণুপুর ব্লকের বিস্তীর্ণ এলাকায় প্রবল ঝড়ের দাপটে অনেক গাছ পড়েছে বলে খবর। বিদ্যুৎহীন বহু জায়গা।

কলকাতার বিভিন্ন প্রান্তে ঝোড়ো বাতাসের সঙ্গে বৃষ্টির খবর মিলেছে।

আজও ঝড়বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে কলকাতা এবং সংলগ্ন জেলাগুলিতে। পশ্চিমের বিভিন্ন জেলাতেও বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টি হতে পারে ।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooo